# নেপালি সিনেমার নতুন দিগন্ত: বাংলাদেশে প্রথমবার ‘মিসিং’ মুক্তি পাচ্ছে




সংগৃহীত ছবি

প্রথমবারের মতো বাংলাদেশে মুক্তি পাচ্ছে একটি নেপালি চলচ্চিত্র। ‘মিসিং: কেটি হারায়েকো সূচনা’ নামের আলোচিত এ সিনেমাটি আগামী শুক্রবার (১৮ জুলাই) ঢাকার স্টার সিনেপ্লেক্সের সবগুলো শাখায় মুক্তি পাচ্ছে। এর আগে ১৭ জুলাই সন্ধ্যায় স্টার সিনেপ্লেক্স সেন্টার পয়েন্ট (এয়ারপোর্ট সংলগ্ন) শাখায় একটি প্রিমিয়ার শো অনুষ্ঠিত হবে, যেখানে উপস্থিত থাকবেন নেপালে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত, সিনেমার পরিচালক-প্রযোজক এবং 'ন ডরাই' ছবির শিল্পীরা।

চলচ্চিত্রটি পরিচালনা করেছেন দীপেন্দ্র গাউছান, আর এটি সাফটা চুক্তির আওতায় বাংলাদেশে আমদানি করেছে শো-মোশন লিমিটেড। এর বিনিময়ে নেপালে রপ্তানি করা হচ্ছে তানিম রহমান অংশু পরিচালিত ‘ন ডরাই’, যেখানে অভিনয় করেছেন শরীফুল রাজ ও সুনেরাহ বিনতে কামাল।

‘মিসিং: কেটি হারায়েকো সূচনা’ সিনেমাটি নেপালে মুক্তির পর দর্শকমহলে তুমুল আলোড়ন তোলে এবং ব্যাপক প্রশংসা অর্জন করে। ছবির প্রধান দুটি চরিত্রে অভিনয় করেছেন মিস নেপাল ২০১২ বিজয়ী ও অভিনেত্রী সৃষ্টি শ্রেষ্ঠা এবং অভিনেতা নাজির হুসেন।

LENS ASIA

ছবির শুরুতে দেখা যায়, এক ডেটিং অ্যাপের মাধ্যমে এক তরুণ-তরুণীর পরিচয় ঘটে। এক ক্যাফেতে দেখা করার সময় মেয়েটিকে কফিতে ঘুমের ওষুধ মিশিয়ে অপহরণ করে তরুণটি। শুরু হয় একটি অনির্দেশ্য যাত্রা, যার পথে ধীরে ধীরে দুজনের মধ্যে এক ধরনের বন্ধন তৈরি হয়। এই যাত্রাপথে ফুটে ওঠে নেপালের মধেশ (তরাই) অঞ্চলের প্রকৃতি, সংস্কৃতি ও জীবনধারা।

ছবিটির দৈর্ঘ্য প্রায় ২ ঘণ্টা ৪০ মিনিট। কাহিনির গভীরতা ও চরিত্রের বিকাশের পাশাপাশি স্থানীয় লোকজ বৈচিত্র্য, নিপুণ চিত্রনাট্য ও সংলাপ একে একটি ব্যতিক্রমধর্মী অভিজ্ঞতা হিসেবে দর্শকের সামনে উপস্থাপন করেছে।